

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১১৫

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আশারাহ্ মুবাশশারা রাযিয়াল্লাহু আনহুমা-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابُ مَنَاقِبِ الْعَشَرَةِ رَضِيَ اللَّهُ عَنْهُمْ)

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لِكُلِّ أُمَّةٍ أَمِينٌ وَأَمِينُ هَذِهِ الْأُمَّةِ أَبُو عُبَيْدَةَ بْنُ الْجراح. مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (4382) و مسلم (53 / 2419)، (6252) ـ مُتَّفَقٌ عَلَيْهِ)

#### বাংলা

৬১১৫-[৮] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: প্রত্যেক উম্মতেরই একজন আমীন থাকে। আর এ উম্মতের সেই আমীন হলেন আবূ উবায়দাহ্ ইবনুল জাররাহ্। (বুখারী ও মুসলিম)

## ফুটনোট

সহীহ: বুখারী ৪৩৮২, মুসলিম ৫৩-(২৪১৯), তিরমিয়ী ৩৭৯৬, সিলসিলাতুস সহীহাহ ১৯৬৪, সহীহুল জামি ৮৯৫, মা'রিফাতুস সুনান ওয়াল আসার ৪২১৪, মুসনাদে আহমাদ ১২৩৮০, আবৃ ইয়া'লা ২৮১৫, সহীহ ইবনু হিব্বান ৭০০১, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮১৯৯, হিলইয়াতুল আওলিয়া ৭/১৭৫, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ৩৭৩৩, আল মু'জামুল আওসাত্ব ৬৪৬৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১২৫৪৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَأَمِينُ هَذِهِ الْأُمَّةِ أَبُو عُبَيْدَةَ بْنُ الْجِراح) হাফিয ইবন হাজার (রহিমাহুল্লাহ) বলেন, উক্ত হাদীসে আব্ উবায়দাহ্ ইবনুল জাররাহ -কে বিশেষভাবে আমানতের বা বিশ্বস্ততার গুণে গুনান্বিত করা হয়েছে, যদিও উক্ত গুণ অন্যান্য সাহাবীদের মাঝেও ছিল। কিন্তু তার মাঝে এই গুণটি অন্যান্য সাহাবীদের তুলনায় বেশি ছিল এটা বুঝানো



হয়েছে। কেউ কেউ বলেন, তাঁর মাঝে যতগুলো গুণ ছিল, তন্মধ্যে এ গুণটি বেশি ছিল। তাছাড়া নবী (সা.) - প্রত্যেক সাহাবীকে ভিন্ন ভিন্ন মর্যাদা ও গুণে গুণাম্বিত করেছেন। যেমন 'উসমান (রাঃ)-কে লজ্জার গুণে গুনাম্বিত করেছেন। আলী (রাঃ)-কে বিচারকের গুণে গুনাম্বিত করেছেন। অনুরূপভাবে অন্যান্য সাহাবীদের ক্ষেত্রেও। হাফিয ইবনু হাজার (রহিমাহল্লাহ) বলেন, আবু 'উবায়দাহ (রাঃ)-এর নাম উল্লেখ করার পূর্বে উপস্থিত সকল সাহাবী উদগ্রীব হয়েছিলেন যে, ঐ বিশ্বস্ততার গুণে গুণাম্বিত ব্যক্তিটি যেন আমি হই বা আমার নাম উল্লেখ করা হয়। (মিরকাতুল মাফাতীহ, তুহফাতুল আহ্ওয়াযী হা. ৩৭৬৭, শারহুন নাবাবী হা. ২৪১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন